২৭

দৈনিক বাংলা

তারিখ 10 JAN 1996

পৃষ্ঠা ৭ কলাম ২

# শিক্ষা প্রকল্পের গম ওজনে কম দেবার অভিযোগ

সংবাদদাতাঃ লক্ষীপুর।- লক্ষীপুর সদর থানা খাদ্য গুদাম থেকে মাল ডেলিভারী নেয়ার সময় প্রতি টন গমে ১৫০ কেজি থেকে দুশ' কেজি ওজনে কম দেয়া হচ্ছে। এছাড়াও টন প্রতি একশ' টাকা নজরানা না দিলে ডি'ও হোল্ডার ও ডিলারদের নানাবিধ হয়রানির শিকার হতে হয়। এ ব্যাপারে এলাকার ইউপি চেয়ারম্যানগণ ও বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রকল্প কমিটির সভাপতির সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ পেশ করেছেন।

শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় সরকারী বিধানমতে প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যানকে প্রকল্পভুক্ত বিদ্যালয়গুলোর গম উত্তোলনের দায়িত্ব পালন করতে হয়। বিদ্যালয়ের সভাপতিগণ এ গম উত্তোলন করতে গেলে খাদ্য গুদাম কর্মকর্তা তাদের হয়রানির করেন। তিনি বিভিন্ন অজুহাত দেখিয়ে টন প্রতি ১০০ টাকা হারে বখশিস নেন এবং প্রতি টনে ১৫০ কেজি থেকে ২০০ কেজি গম ওজনে কম দিয়ে থাকেন।